

ঢাকা, সোমবার ০১ এপ্রিল ২০২৪, চৈত্র ১৭ ১৪৩০



🏠 প্রচ্ছদ / রাজধানী

আনিসুল হক স্মরণে ভ্রাম্যমাণ গাছের হাসপাতাল

🕒 প্রকাশিত : ০৮:২৭ পিএম, ৩০ নভেম্বর ২০১৮ শুক্রবার





প্রয়াত মেয়র আনিসুল হকের অন্যতম উদ্যোগ ছিল সবুজ ঢাকা কার্যক্রম। তিনি আড়াই বছর মেয়রের দায়িত্ব পালন করেন। ঢাকাকে একটি পরিচ্ছন্ন ও মানবিক ন কাজ করেছেন। তার এই কাজকে এগিয়ে নিতে ভ্রাম্যমাণ গাছের হাসপাতাল কার্যক্রম শুরু করেছেন গ্রিন সেভারস অ্যাসোসিয়েশন নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠ আজ শুক্রবার সকালে বনানী কবরস্থানে আনিসুল হকের কবরে শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে এ ভ্রাম্যমাণ গাছের হাসপাতাল কার্যক্রমের উদ্বোধন করেন ঢাকা উ (ডিএনসিসি) প্যানেল মেয়র জামাল মোস্তফা। ডিএনসিসির পৃষ্ঠপোষকতায় ও স্কয়ার ফার্মাসিউটিক্যালসের সহায়তায় ভ্রাম্যমাণ গাছের হাসপাতালের এ কার্যক্রম শুরু এই হাসপাতালের মাধ্যমে গাছের সেবা ও পরিচর্যার কার্যক্রম মানুষের দোরগোড়ায় বিনা মূল্যে পৌঁছে দেবে। ভ্রাম্যমাণ এই হাসপাতাল চালানোর জন্য গাড়িটি দিয়ে হাসপাতালে গাছের পরিচর্যার জন্য কিছু সরঞ্জাম আছে। গাছের আর্দ্রতা মাপার জন্য আছে পিএইচ মিটার, পানির মাত্রা মাপার জন্য হাইড্রোমিটার, সিম্পল মাই কাঁচি ইত্যাদি।

২০১০ সাল থেকে কাজ করছে গ্রিন সেভারস অ্যাসোসিয়েশন। এ পর্যন্ত তারা ৩ হাজার ৯০০ ছাদে বাগান করার কাজে সহযোগিতা করেছে।

সংগঠনটির উদ্যোক্তা আহসান রনি বলেন, ঢাকায় সাড়ে চার লাখ ছাদ আছে। এগুলোতে গাছ লাগালে শহর সবুজ হবে। প্রয়াত মেয়রের সবুজ ঢাকার কাজ এগিয়ে এসএইচ/